রেজিস্টার্ড নং ডি এ-১

২০১৪ সনের ৪৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, অক্টোবর ৩০, ২০১৪**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৪১—৬৫২ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৪১৩—১৪৬১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১৯৯৩—২০২৭ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারিকৃত বিধি ও আদেশাবলীসম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**
**শৃঙ্খলা-১(১) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ আশ্বিন ১৪২১/২৪ সেপ্টেম্বর ২০১৪

নং **০৫.১৮০.০২৭.০২.০০.০০২.২০১৩-২২৫**—যেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক, উপসচিব হিসেবে গত ২৩-০৬-২০১০ হতে ১৩-১২-২০১১ তারিখ পর্যন্ত ভূমি মন্ত্রণালয়ের আইন-৪ অধিশাখায় কর্মরত থাকাকালে গত ১৯-১০-২০১১ তারিখ ৩১.০০.০০০০.০৪০.৫৩.০৩০.২০১১-৬৩৮ নং স্মারকে নারায়ণগঞ্জ জেলার ফতুল্লা থানার দাপা ইদ্রাকপুর মৌজার আনুমানিক ২০০ (দুইশত) কোটি টাকা মূল্যের ৩৬৯/৬৭ নং ভিপি লীজ কেসের মাধ্যমে লীজকৃত এস,এ ২৯৫ নং খতিয়ানের ৫৮১, ৫৮২ ও ৫৮৩ নং দাগের ৬.৮১ একর প্রত্যর্পণ তালিকাভুক্ত সম্পত্তি জনৈক এম এ নছির, পিতা মৃত হাজী আব্দুল আজিজ, সাং পিলকুনী, থানা ফতুল্লা, জেলা নারায়ণগঞ্জ-এর ১২-০৭-২০১০ খ্রিঃ তারিখের আবেদনের পরিপ্রেক্ষিতে উক্ত তালিকা হতে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জের মতামত ছাড়াই বাদ দেয়ার নিমিত্ত উদ্দেশ্যমূলকভাবে যুগ্মসচিব (আইন), ভূমি মন্ত্রণালয়ের মাধ্যমে নথিতে অনুমোদন নিয়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর স্বাক্ষর ও নামের সীলসহ সংশোধিত প্রত্যর্পণ তালিকা এবং সংশোধিত সিডি প্রেরণের অনুরোধ জানিয়ে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ বরাবরে জি.ই.পি করে পত্র প্রেরণ করেন;

যেহেতু, এ রকম একটি গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর বিষয়ে উদ্দেশ্য প্রনোদিতভাবে এবং আর্থিকভাবে লাভবান হওয়ার অবৈধ উদ্দেশ্যে তিনি নথি উপস্থাপন করে মাননীয় ভূমি মন্ত্রীর অনুমোদন গ্রহণ না করে যুগ্মসচিব (আইন), ভূমি মন্ত্রণালয় এর অনুমোদন নিয়ে উক্ত পত্রটি ইস্যু করাসহ সাথে সাথে তা ফ্যাক্সের মাধ্যমে জেলা প্রশাসক, নারায়ণগঞ্জকে অবহিত করেন। উল্লিখিত নথিটি মন্ত্রী পর্যায়ে নিষ্পত্তির বিষয়টি প্রশাসনিক কর্মকর্তা, অধিশাখা-৬, ভূমি মন্ত্রণালয় তাঁর নজরে আনার পরও তিনি সে বিষয়ে কোন ভ্রুক্ষেপ না করে এবং যুগ্মসচিব (আইন), ভূমি মন্ত্রণালয়ের নজরে না এনে উদ্দেশ্য প্রণোদিতভাবে তাঁর মাধ্যমে নথিটি অনুমোদন করিয়ে উল্লিখিত পত্রটি স্বাক্ষর করে দ্রুত জারির পদক্ষেপ গ্রহণ করেন;

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, উক্ত বিষয়টি গত ০৮-১২-২০১১ খ্রিঃ তারিখে "দৈনিক যুগান্তর" পত্রিকায় প্রকাশিত হওয়ায় সরকারের ভাবমুর্তিও ক্ষুন্ন হওয়ার কারণে ভূমি মন্ত্রণালয় কর্তৃক গঠিত তদন্ত কমিটি তাঁর বক্তব্য গ্রহণপূর্বক প্রাসঙ্গিক সকল দিক বিবেচনা করে তাঁদের মতামতে তাঁর সম্পাদিত কার্যক্রম উদ্দেশ্য প্রণোদিত ছিল মর্মে উল্লেখ করায় তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে তাঁকে কারণ দর্শানো হয়;

যেহেতু, তিনি গত ০৫-০৩-২০১৩ তারিখ কারণ দর্শানোর লিখিত জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর প্রার্থনা করলে তাঁর লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত মৌখিক বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ন্যায় বিচারের স্বার্থে ঘটনার সত্যতা নিরূপনের জন্য তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য জনাব মোহাম্মদ আব্দুল মাননান (৪৬৮৭), প্রাক্তন যুগ্মসচিব, ভূমি মন্ত্রণালয়, বর্তমানে ই-অফিস ইমপ্লিমেন্টেশন স্পেশালিষ্ট (যুগ্মসচিব), ভূমি মন্ত্রণালয় এ-টু-আই কর্মসূচি, প্রধানমন্ত্রীর কার্যালয়কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্ত কর্মকর্তা প্রথমে যথেষ্ট সংখ্যক সাক্ষ্য-প্রমাণাদির ভিত্তিতে তদন্ত প্রতিবেদন দাখিল না করায় তা গ্রহণ না করে বিষয়টি পুনঃতদন্ত করে যথেষ্ট সংখ্যক সাক্ষ্য-প্রমাণাদির ভিত্তিতে প্রতিবেদন দেয়ার জন্য বলা হলে তদন্ত কর্মকর্তা প্রয়োজনীয় সাক্ষ্য-প্রমাণাদির ভিত্তিতে পুনঃতদন্ত প্রতিবেদন দাখিল করেন;

যেহেতু, তদন্ত কর্মকর্তা জনাব মোহাম্মদ আব্দুল মাননান (৪৬৮৭) গত ০৪-০৯-২০১৪ তারিখে পুনঃ তদন্ত প্রতিবেদন দাখিল করে প্রতিবেদনে জনাব মোঃ মোজাম্মেল হক (৪২৪৭), প্রাক্তন উপসচিব, ভূমি মন্ত্রণালয় বর্তমানে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (উপসচিব), বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্সডক)-এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর আনীত ০৫টি অভিযোগের মধ্যে কোন অভিযোগই প্রমাণিত হয়নি মর্মে উল্লেখ করেছেন; এবং

যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, তদন্ত কর্মকর্তার দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামত, বিভাগীয় মামলার নথি এবং প্রাসঙ্গিক সকল বিষয় পর্যালোচনা করে তাঁর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর অভিযোগ প্রমাণিত না হওয়ায় এ বিভাগীয় মামলার দায় হতে তাঁকে অব্যাহতি দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

সেহেতু, জনাব মোঃ মোজাম্মেল হক (৪২৪৭), প্রাক্তন উপসচিব, ভূমি মন্ত্রণালয় বর্তমানে মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা (উপসচিব), বাংলাদেশ জাতীয় বিজ্ঞান ও কারিগরি তথ্য সংগ্রহ ও বিতরণ কেন্দ্র (ব্যান্সডক)-কে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "দুর্নীতি" এর আনীত অভিযোগের দায় হতে একই বিধিমালার ৭(৫) বিধি মোতাবেক অব্যাহতি প্রদান করা হল।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-২(৪) অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৩ ভাদ্র ১৪২১/২৮ আগস্ট ২০১৪

নং **০৫.০০.০০০০.১৮৩.২৭.০০৩.১৪-২৯২**—যেহেতু, জনাব ফিরোজ মাহমুদ খান (পরিচিতি নং ৬৬৩৭), প্রাক্তন সিনিয়র সহকারি সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বর্তমানে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারি সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারি কর্মে অনুপস্থিতির দায়ে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিগত ২১-০৫-২০১৪ তারিখে বিভাগীয় মামলা চালু করে কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে দাখিলকৃত অভিযোগে উল্লেখ রয়েছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-১২-২০১৩ তারিখের ০৫.০০.০০০০.১৩৯.১৯.০০৬.১৩-৩৮৯ নং প্রজ্ঞাপনমূলে অতিরিক্ত জেলা প্রশাসক, পাবনা হিসেবে বদলি করা হয়। বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ২৯-০১-২০১৪ তারিখের ১৬.০০.০০০০.০০১.১৮.০৬৩.১২-৮২ নং স্মারকমূলে তাঁকে অবমুক্ত করা হয়। জনাব ফিরোজ মাহমুদ খান অতিরিক্ত জেলা প্রশাসক, পাবনা হিসেবে কর্মস্থলে যোগদান না করে অনুপস্থিত থাকেন;

যেহেতু, জনাব ফিরোজ মাহমুদ খান ০৯-০৭-২০১৪ তারিখে বিভাগীয় মামলার কৈফিয়তের জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির আবেদন করলে ১৯-০৮-২০১৪ তারিখ ব্যক্তিগত শুনানি গৃহীত হয়। অভিযুক্ত কর্মকর্তা শুনানিতে উপস্থিত হয়ে সরকারি কর্মে অনুপস্থিত থাকা ও উর্ধ্বতন কর্তৃপক্ষের ন্যায়সঙ্গত আদেশ পালনে অসমর্থ হওয়ায় আন্তরিকভাবে দুঃখিত মর্মে ক্ষমা প্রার্থনা করেন। তিনি জানান যে, বদলিকৃত কর্মস্থলে তাঁর যোগদানের শেষ কর্মদিবস ছিল ০৯-০২-২০১৪ তারিখ। কিন্তু ০৩-০২-২০১৪ তারিখ হতে তাঁর স্ত্রীর স্তন ক্যান্সারের চিকিৎসা করতে বিশেষজ্ঞ চিকিৎসকগণের চেম্বারে ও চিকিৎসার অর্থ জোগাড় সংক্রান্ত বিষয়ে ছোটাছুটির কারণে বিভিন্ন অনিয়ম হওয়ায় তিনি শারীরিকভাবে অসুস্থ হয়ে পড়েন। ডায়াবেটিস ও উচ্চ রক্ষচাপজনিত শারীরিক ও মানসিক সমস্যা তাঁর পূর্বে থেকেই ছিল। ডাক্তারের পরামর্শ অনুযায়ী তিনি ০৭-০২-২০১৪ হতে বিশ্রামে থাকেন। এরূপ জটিল পরিস্থিতিতে নিজের ও স্ত্রীর গুরুতর শারীরিক অসুস্থতার জন্য তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে পারেননি। পরবর্তীতে ১৭-০২-২০১৪ তারিখে স্ত্রীর অপারেশন এবং গত ২৩-০২-২০১৪ তারিখে হাসপাতাল হতে তাঁর স্ত্রী রিলিজ হন। চিকিৎসার ধারাবাহিকতায় তাঁর স্ত্রীকে কেমোথেরাপি নিতে হচ্ছে এবং কেমোথেরাপি'র পর রেডিওথেরাপি গ্রহণ করতে হবে। উল্লেখিত বিষয়াদি বর্ণনাপূর্বক অভিযুক্ত কর্মকর্তা কৃত অপরাধের জন্য দুঃখিত এবং ভবিষ্যতে আর কখনোই এরূপ কাজ করবেন না বলে অঙ্গীকার করেন। মানবিক দিক বিবেচনা করে আনীত অভিযোগের দায় হতে অব্যাহতি প্রদানের জন্য অনুরোধ করেন এবং নিঃশর্ত ক্ষমা প্রার্থনা করেন;

অভিযুক্ত কর্মকর্তার জবাব, উভয়পক্ষের দাখিলকৃত কাগজপত্র, নথি ও রেকর্ডপত্র পর্যালোচনায় দেখা যায় যে, অভিযুক্ত কর্মকর্তা জনাব ফিরোজ মাহমুদ খান তাঁর স্ত্রী এবং নিজের অসুস্থতাজনিত কারণে বদলিকৃত কর্মস্থলে যোগদান করতে পারেননি উল্লেখ করলেও তিনি সরকারি নিয়মনীতি যথাযথভাবে অনুসরণ করেননি এবং বিধি মাফিক যথাসময়ে চিকিৎসার সনদসহ ছুটির আবেদন দাখিল করেননি;

যেহেতু, সার্বিক দিক বিবেচনায় জনাব ফিরোজ মাহমুদ খান (পরিচিতি নং ৬৬৩৭), প্রাক্তন সিনিয়র সহকারি সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বর্তমানে সিনিয়র সহকারি সচিব (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা), জনপ্রশাসন মন্ত্রণালয় এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "ডিজারশন" অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলায় একই বিধিমালার ৪(২)(বি) বিধি অনুযায়ী ০১ (এক) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী ০১ (এক) বছরের জন্য স্থগিত করার লঘুদণ্ড প্রদান করা হলো। তাঁর অনুপস্থিত কালীন সময় গত ৩০-০১-২০১৪ (ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে বদলিকৃত কর্মস্থলে যোগদানের নিমিত্ত অবমুক্তির পরদিন) তারিখ হতে ২২-০৭-২০১৪ (জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে যোগদানের পূর্ব তারিখ পর্যন্ত) পর্যন্ত মোট ০৬ মাস ২২ দিন বিনা বেতনে অসাধারণ ছুটি হিসেবে গণ্য করা হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ০৯ আশ্বিন ১৪২১/২৪ সেপ্টেম্বর ২০১৪

নং **০৫.০০.০০০০.১৮২.২৭.০০১.১৪-৫৩৮**—যেহেতু, জনাব মোঃ সুজাউদ্দৌলা (পরিচিতি নং ১৬৩৯৩), সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহীতে সমপদে কর্মরত অবস্থায় মোবাইল কোর্ট পরিচালনাকালে তাঁর আদালতে সাজাপ্রাপ্ত আসামী পুলিশ হেফাজত থেকে পালিয়ে যাওয়ার দীর্ঘ ০৬ মাস ১২ দিন পর গত ০১-০৭-২০১৩ তারিখে পুনরায় তাঁর আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে ক্ষমতাবহির্ভূতভাবে আসামীকে জামিন প্রদানের অভিযোগে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে "অদক্ষতা (Inefficiency)" এবং "অসদাচরণ (Misconduct)" এর অভিযোগ আনয়ন করা হয়;

যেহেতু, উক্ত অভিযোগে তাঁর বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে জনপ্রশাসন মন্ত্রণালয়ের গত ২১-০৭-২০১৪ তারিখের ০৫.০০.০০০০.১৮২.২৭.০০১.১৪-৪১২ নং স্মারকমূলে তাঁর কৈফিয়ত তলব করা হয় এবং একই সাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কিনা জানতে চাওয়া হয়;

যেহেতু, তিনি গত ১২-০৮-২০১৪ তারিখে কৈফিয়ত তলবের জবাব প্রদান করেন এবং তাঁর আবেদনের পরিপ্রেক্ষিতে গত ১৪-০৯-২০১৪ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়;

যেহেতু, শুনানিতে তিনি মানবিক দৃষ্টিকোণ থেকে ও আপীল করার অধিকার আসামীর রয়েছে অনুধাবনকল্পে ফৌজদারী কার্যবিধির ৪২৬(২A) ধারা অনুযায়ী (যেহেতু মোবাইল কোর্ট আইন, ২০০৯ এ যথাসম্ভব ফৌজদারী কার্যবিধি অনুসরণ প্রযোজ্য) আপীল করার শর্তে আসামীর জামিন মঞ্জুর করেন মর্মে জানান। এ বিষয়ে কোন পদ্ধতিগত ত্রুটি থাকলে তা একজন নবীন কর্মকর্তা হিসেবে ক্ষমাসুন্দর দৃষ্টিতে দেখার জন্য তিনি শুনানিতে অনুরোধ জানান;

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত ও ব্যক্তিগত শুনানিকালে প্রদত্ত বক্তব্য, প্রাসঙ্গিক সকল কাগজপত্র ও ঘটনা প্রবাহ বিচার বিশ্লেষণে ফৌজদারী কার্যবিধির ৪২৬(২A) ধারা অনুযায়ী সাজাপ্রাপ্ত আসামী রায় ঘোষণার পর পরই আপীল করার শর্তে জামিন আবেদন করলে বিচারিক আদালত আপীল করার শর্তে নির্দিষ্ট সময়সীমা উল্লেখপূর্বক আসামীকে অন্তর্বর্তীকালীন জামিন প্রদান করতে পারেন। কিন্তু এ ক্ষেত্রে রায় ঘোষণার পর আসামী আপীলের শর্তে জামিন আবেদন না করায় ফৌজদারী কার্যবিধির ৪২৬(২A) ধারা এখানে প্রযোজ্য নয়। এছাড়া মোবাইল কোর্ট আইন, ২০০৯ অনুযায়ী সাজাপ্রাপ্ত আসামীর জামিন বিবেচনার ক্ষমতা শুধুমাত্র আপীল আদালতের, মোবাইল কোর্ট পরিচালনাকারী ম্যাজিস্ট্রেট হিসেবে অভিযুক্ত কর্মকর্তার এ ক্ষমতা নেই। আসামী পুলিশ হেফাজত থেকে পলায়ন করার দীর্ঘ ০৬ মাস ১২ দিন পর অভিযুক্ত কর্মকর্তার আদালতে হাজির হয়ে জামিন আবেদন করলে তিনি ক্ষমতাবহির্ভূতভাবে আসামীকে জামিন প্রদান করেন। আইন অমান্য করে এখতিয়ার বহির্ভূতভাবে এরূপ জামিন প্রদান করে অভিযুক্ত কর্মকর্তা অদক্ষতার পরিচয় দিয়েছেন এবং প্রশাসনের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছেন। ফলে সার্বিক বিবেচনায় অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে "অদক্ষতা (Inefficiency)" এবং "অসদাচরণ (Misconduct)" এর পর্যায়ভুক্ত অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

যেহেতু, একজন নবীন কর্মকর্তা হিসেবে এটি তাঁর কৃত ১ম অপরাধ বিবেচনায় উপর্যুক্ত অপরাধে একই বিধিমালার বিধি ৪(২)(বি) মোতাবেক তাঁর "০২ (দুই) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য স্থগিত (Withholding of 02 (two) increments for 02 (two) years)" রাখার লঘুদণ্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, জনাব মোঃ সুজাউদ্দৌলা (পরিচিতি নং ১৬৩৯৩), সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(এ) ও ৩(বি) বিধি মোতাবেক যথাক্রমে "অদক্ষতা (Inefficiency)" এবং "অসদাচরণ (Misconduct)" এর প্রমাণিত অভিযোগে একই বিধিমালার ৭(২)(বি) বিধি অনুসরণক্রমে বিধি ৪(২)(বি) মোতাবেক তাঁর "০২ (দুই) টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বেতন বৃদ্ধির তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য স্থগিত (Withholding of 02 (two) increments for 02 (two) years)" রাখার লঘুদণ্ড প্রদান করা হলো। ভবিষ্যতে বেতন বৃদ্ধির ক্ষেত্রে তিনি এর কোন বকেয়া সুবিধা প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**মাঠ প্রশাসন-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১০ আশ্বিন ১৪২১/২৫ সেপ্টেম্বর ২০১৪

নং **০৫.০০.০০০০.১৩৯.১৯.০০১.১৪-২৮৯**—যেহেতু, জনাব মোঃ খয়বর রহমান (৬৯২৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়; সহকারী কমিশনার (ভূমি), গাজীপুর সদর, গাজীপুর হিসেবে কর্মরত থাকাকালীন দন্ডবিধি, ১৮৬০ এর ৪০৯/১০৯ ধারা এবং দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ (১৯৪৭ সালের ২ নম্বর আইন) এর ৫(২) ধারায় তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় গাজীপুর সদর থানার চার্জশিট নম্বর ৫১১, তারিখঃ ০৮-০৬-২০১৪ বিজ্ঞ আদালতে দাখিল করা হয়েছে;

সেহেতু, সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ১১ অনুযায়ী জনাব মোঃ খয়বর রহমান (৬৯২৪) কে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হলো।

সাময়িকভাবে বরখাস্তকালীন সময়ে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. কামাল আবদুল নাসের চৌধুরী**
সিনিয়র সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**স্থানীয় সরকার বিভাগ**
**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৬ আশ্বিন ১৪২১/০১ অক্টোবর ২০১৪

নং **৪৬.০৬৩.০২৭.০১.০০.০০৭.২০১৩-১৩১৫**—যেহেতু, আপনি জনাব মোঃ আফজাল হোসেন, ঝালকাঠী পৌরসভার মেয়র;

যেহেতু, আপনি যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন না নিয়ে এবং সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক গাছ পরিমাপ না করে বিক্রয় করেছেন;

যেহেতু, আপনি সরকারি আদেশ অমান্য করে ব্যাটারী চালিত অটোরিক্সার লাইসেন্স প্রদান করেছেন;

যেহেতু, আপনি UGIIP-II এর আওতায় বিভিন্ন রাস্তার পার্শ্বের ড্রেন নির্মাণ করার কারণে বৈদ্যুতিক পোল বিদ্যুৎ বিভাগের মাধ্যমে না সরিয়ে এবং তাদের অনুমতি না নিয়ে নিজের লোক দিয়ে সরিয়ে জনজীবনে মারাত্মক দুর্ঘটনা ঘটার মত পরিস্থিতির সৃষ্টি করেছেন;

যেহেতু, আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তদন্তে প্রমাণিত হয়েছে;

যেহেতু, আপনার দ্বারা পৌরসভার মেয়র এর ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থহানিকর এবং প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে; এবং

যেহেতু, বর্ণিত কারণে সরকার আপনাকে সাময়িকভাবে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারার বিধান অনুযায়ী ঝালকাঠি পৌরসভার মেয়রের পদ হতে আপনি জনাব মোঃ আফজাল হোসেন'কে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ খলিলুর রহমান**
উপ-সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৪ আশ্বিন ১৪২১/২৯ সেপ্টেম্বর ২০১৪

**নং প্রম/সা-১/২০০৮/ডি-৯/অংশ-১/৩৩৯**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের বিদ্যমান সাংগঠনিক কাঠামোর বিভিন্ন পদবীর ১২৩ টি পদ থেকে উপসহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসকের ৩টি পদ বিলুপ্তপূর্বক রাজস্ব খাতে মহাপরিচালকসহ নিম্নোক্ত ৪৬ টি পদ অস্থায়ী ভিত্তিতে সৃষ্টি করত: ৩ টি যানবাহন এবং ৯ টি কম্পিউটার সংবলিত পুনর্গঠিত সাংগঠনিক কাঠামো অনুমোদনের বিষয়ে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছেন :

**জনবল**

| ক্রমিক নং | পদের নাম | নবসৃজিত পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) |
|---|---|---|---|
| (১) | মহাপরিচালক | ১টি | অতিরিক্ত সচিব/যুগ্ম-সচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতন স্কেল নির্ধারণ করা হলো না। |
| (২) | পরিচালক | ১টি | যুগ্ম সচিব/উপসচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতন স্কেল নির্ধারণ করা হলো না। |
| (৩) | উপপরিচালক | ১টি | উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতন স্কেল নির্ধারণ করা হলো না। |
| (৪) | ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার | ৪টি | উপসচিব/সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার কর্মকর্তাগণ নিজ বেতনস্কেলে প্রেষণে নিয়োগপ্রাপ্ত হবেন বিধায় বেতন স্কেল নির্ধারণ করা হলো না। |
| (৫) | সহকারী পরিচালক | ১টি | টাকা ১৮,৫০০-২৬,২০০/-<br>(গ্রেড-৬) |

| ক্রমিক নং | পদের নাম | নবসৃজিত পদের সংখ্যা | বেতনস্কেল (জাতীয় বেতনস্কেল, ২০০৯ অনুযায়ী) |
|---|---|---|---|
| (৬) | সহকারী সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক | ৩টি | টাকা ১১,০০০-২০,৩৭০/- (গ্রেড-৯) |
| (৭) | সহকারী প্রকৌশলী (সিভিল) | ১টি | টাকা ১১,০০০-২০,৩৭০/- (গ্রেড-৯) |
| (৮) | সহকারী প্রোগ্রামার | ১টি | টাকা ১১,০০০-২০,৩৭০/- (গ্রেড-৯) |
| (৯) | সাবডিভিশনাল অফিসার (এসডিও) | ২টি | টাকা ৮,০০০-১৬,৫৪০/- (গ্রেড-১০) |
| (১০) | আইন কর্মকর্তা | ১টি | টাকা ৮,০০০-১৬,৫৪০/- (গ্রেড-১০) |
| (১১) | উপসহকারী প্রকৌশলী (সিভিল) | ১টি | টাকা ৮,০০০-১৬,৫৪০/- (গ্রেড-১০) |
| (১২) | হিসাবরক্ষণ কর্মকর্তা | ১টি | টাকা ৮,০০০-১৬,৫৪০/- (গ্রেড-১০) |
| (১৩) | ক্যাশিয়ার | ১টি | টাকা ৫,৫০০-১২,০৯৫/- (গ্রেড-১৩) |
| (১৪) | সার্ভেয়ার ড্রাফটসম্যান | ২টি | টাকা ৫,২০০-১১,২৩৫/- (গ্রেড-১৪) |
| (১৫) | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | ৬টি | টাকা ৪,৭০০-৯,৭৪৫/- (গ্রেড-১৬) |
| (১৬) | গাড়ি চালক | ৩টি | টাকা ৪,৭০০-৯,৭৪৫/- (গ্রেড-১৬) |
| (১৭) | চেইনম্যান | ৭টি | টাকা ৪,৫০০-৮,৫৮০/- (গ্রেড-১৭) |
| (১৮) | অফিস সহায়ক | ৮টি (আউট সোর্সিং) | টাকা ৭৭৫০/- (সাকুল্যে) (আউট সোর্সিং নীতিমালা অনুযায়ী পদপূরণের শর্তে ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) |
| (১৯) | পরিচ্ছন্নতা কর্মী | ১টি (আউট সোর্সিং) | টাকা ৭৪৫০/- (সাকুল্যে) চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল এর মেট্রোপলিটন এলাকা এবং নারায়ণগঞ্জ, টংগি পৌর এলাকার জন্য |
| | | | টাকা ৭২০০/- (সাকুল্যে) (অন্যান্য এলাকার জন্য) |

**যানবাহন :**

| ক্রমিক নম্বর | যানবাহনের নাম | সম্মতিকৃত সংখ্যা |
|---|---|---|
| (১) | কার | ১টি |
| (২) | জীপ | ১টি |
| (৩) | মাইক্রোবাস | ১টি |
| | | সর্বমোট ৩ (তিন) টি |

**অফিস সরঞ্জাম :**

| ক্রমিক নম্বর | সরঞ্জামাদির নাম | সম্মতিকৃত সংখ্যা |
|---|---|---|
| (১) | কম্পিউটার | ৯টি |

২। এ আদেশ প্রশাসনিক উন্নয়ন সংক্রান্ত সচিব কমিটির সুপারিশ, জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৪ মে ২০১২ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৬১.২৮.১০১.৮৯-২৮৯, অর্থ মন্ত্রণালয়ের স্মারক নং ০৭.১৫১.০২৬.০০.৩৪.২০১২/১২১ তারিখ ৬ মে ২০১৩ এবং প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ অনুমোদনক্রমে জারি করা হলো।

৩। এ বিষয়ে অর্থ বিভাগ এর ৯ ফেব্রুয়ারি ২০১৪ তারিখে সুপারিশকৃত বেতন স্কেল ও খসড়া নিয়োগ যোগ্যতা সাভূসে অধিদপ্তরের অনুমোদিত নিয়োগ বিধিমালায় অন্তর্ভুক্ত করতে হবে।

৪। এ বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় ও অর্থ বিভাগের প্রদত্ত শর্তাদি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান নিয়ম-কানুন ও অন্যান্য আনুষ্ঠানিকতা পালন করতে হবে।

**ফারাহ্ শাম্মী**
উপসচিব।

## ভূমি মন্ত্রণালয়

## জরিপ শাখা-২

## বিজ্ঞপ্তি

তারিখ, ১১ কার্তিক ১৪২১/২৬ অক্টোবর ২০১৪

**নং ভূঃমঃ/শা-২/আপত্তি-১৫/২০০৫-২৬১**— ১৮৭৫ সনের জরিপ আইন (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং ১৯৫০ সনের রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন (১৯৫১ সনের ২৮নং আইন) এর ১৪৪ ধারার ১নং উপধারা মোতাবেক নিম্নবর্ণিত তফসিলভুক্ত মৌজাসমূহের জরিপ কাজ শুরু করার নিমিত্তে গেজেট করার জন্য প্রশাসনিক অনুমোদন দেয়া হলো ঃ

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১) | বেউথা | ১৩৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২) | পৌলি | ৫৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩) | পশ্চিম বান্দুটিয়া | ৫৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪) | গিলন্ড | ৫২ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫) | বিল বরিয়াইল | ৫১ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৬) | কুশের চর | ১৫০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৭) | পশ্চিম বেঙ্গরৈ | ১৪৮ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৮) | গোবিন্দপুর | ২০৯ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৯) | পূর্ব বন্দুটিয়া | ২০৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১০) | দক্ষিণ কৃষ্ণপুর | ১৮৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১১) | উত্তর মিতরা | ২০৮ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১২) | বড় বিজুরী | ২৩৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৩) | চর বংখারি | ২৬৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৪) | খাগড়া কুড়ি | ৪৯ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৫) | চামটা | ৫০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৬) | দিয়ারা ভবানীপুর | ৯৩ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৭) | গাড়া কুল | ১২৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৮) | আঙ্গুটিয়া | ৯৬ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (১৯) | দেড়গাঁও | ৯১ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২০) | মেঘ শিমুল | ৮৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২১) | ডাকুলি | ৮৩ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২২) | জাগীর মেঘ শিমুল | ৯৯ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৩) | উত্তর বিল ভাউলি | ৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৪) | গড় পাড়া | ৩ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৫) | চর গড় পাড়া | ৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৬) | পাছ বারৈল | ১৪৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৭) | বড় শৌরন্দী | ১৫৮ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৮) | ছোট বারৈল | ১৪৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (২৯) | বড় বারৈল | ১৭৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩০) | দীঘলিয়া | ১৭৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩১) | বড় ঘোস্তা | ১৯০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩২) | ছোট ঘোস্তা | ১৯১ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩৩) | লেমু বাড়ি | ১৯২ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩৪) | হিজ লাইন | ১৯৩ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩৫) | উত্তর পুটাইল | ১৮৯ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩৬) | মধ্য পুটাইল | ১৮৮ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩৭) | দক্ষিণ পুটাইল | ১৮৬ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৩৮) | দক্ষিণ শিমুলিয়া | ১৮৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৩৯) | আউট পাড়া | ১৬৮ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪০) | বিপ্র বেতিলা | ১৯৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪১) | সনসিঙ্গা | ১৭২ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪২) | উত্তর চৈল্লা | ২৪৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৩) | দক্ষিণ চৈল্লা | ২৪৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৪) | ভাটভোগ | ২৫০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৫) | কলাশী | ২৪৯ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৬) | বিল চর পাকসিয়া | ২৪৩ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৭) | ভারারিয়া | ২৪০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৮) | বারাহি দিয়ারা | ১১৬ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৪৯) | গুজরী | ১১৭ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫০) | মকিমপুর | ১২৪ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫১) | বারাহি | ১১৫ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫২) | কৃষ্ণপুর | ১১৩ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৩) | আলীগঞ্জ | ১১০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৪) | বাসুদেবপুর | ১১১ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৫) | উকরা | ৩১ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৬) | কেওয়ার জানী | ১৭০ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৭) | পারমত্ত ছোট খণ্ড | ১০৯ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৮) | বোয়ালিয়া | ১৩৬ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৫৯) | উকরা | ৩১ | মানিকগঞ্জ | মানিকগঞ্জ |
| (৬০) | জলশুকা | ২২ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬১) | নাগরপুর | ১৯ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬২) | গোপালপুর | ৩৯ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৩) | ধুলট | ৩৭ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৪) | বাজৈর | ৩৬ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৫) | বরাইদ | ১২ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৬) | ছনকা | ০১ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৭) | কৌড়ি | ২০ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৮) | শালুয়া কান্দি | ২১ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৬৯) | তিল্লী | ৯০ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭০) | চর তিল্লী | ৯৬ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭১) | আয়নাপুর | ৯২ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭২) | পাচুটিয়া | ৯৪ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭৩) | আকাশী | ৩৮ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭৪) | হামজা | ১৮ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭৫) | চারিকির্তা | ১৪ | সাটুরিয়া | মানিকগঞ্জ |
| (৭৬) | সারাদিয়া | ৪৩ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৭৭) | দক্ষিণ জাম্‌শা | ৪৪ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৭৮) | পূর্ব জাম্‌শা | ৪৫ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৭৯) | বায়রা | ০১ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮০) | খলিয়া | ১০৫ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮১) | বিনোদপুর বড় খণ্ড | ৬২ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮২) | বিনোদপুর ছোট খণ্ড | ২৫ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮৩) | উত্তর জাম্‌শা | ৪০ | সিংগাইর | মানিকগঞ্জ |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (৮৪) | উত্তর সিংগাইর | ৬৬ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮৫) | চর সিংগাইর | ৭১ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮৬) | দুয়ারিয়া | ৭০ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮৭) | কাংসা | ৬৯ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮৮) | চর চামটা | ১০৬ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৮৯) | চাঁদ হার | ১৩৩ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৯০) | ফতেপুর | ১২৭ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৯১) | ভাকুম | ৯১ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৯২) | চর ভাকুম | ৭৪ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৯৩) | মজলিসপুর | ৬৩ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৯৪) | রিফাইত পুর | ১২৮ | সিংগাইর | মানিকগঞ্জ |
| (৯৫) | কুমার দহ | ৮০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (৯৬) | রাম্ কৃষ্ণপুর | ৮৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (৯৭) | আবি ধারা | ১৭২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (৯৮) | আইল কুন্ডি | ১৪৩ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (৯৯) | মোহনপুর | ১৭০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০০) | রামেশ্বরপুর | ১৬৮ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০১) | ধুল শুঁড়া | ১৭৩ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০২) | পিরিঙ্গী | ১৬৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৩) | আক্কেলপুর | ১৭৪ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৪) | রঘুনাথপুর | ১৭৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৫) | রাধাবল্লভদি | ১৪৪ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৬) | আলীনগর | ১৭৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৭) | নীল গ্রাম | ১৭১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৮) | আগরাইল | ১২৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১০৯) | নরসিংহপুর | ১৪৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১০) | জালিয়া | ১৬৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১১) | তরা | ১৭৮ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১২) | পাঁচতারা | ১৬৪ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৩) | মেখলা | ১৭৯ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৪) | লক্ষীপ্রসাদ | ১৬৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৫) | হোগলা কান্দি | ৫৩ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৬) | চন্ডাল কান্দি | ৫৪ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৭) | বাহাদুরপুর | ৬১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৮) | কদমতলী | ৬০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১১৯) | উজান পাড়া | ৪৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২০) | চর নিশ্চন্তপুর | ১৬০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২১) | ডুবাইল | ১৬১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২২) | পুরাকান্দা | ১৬২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২৩) | হাজীপুর | ১৬৩ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২৪) | বালিয়াগোপ | ১৫৯ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২৫) | আজিম নগর | ১৮০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২৬) | সৈয়দ নগর | ১৮৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২৭) | বসন্তপুর | ৭৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১২৮) | মনিপুর | ১৮১ | হরিরামপুর | মানিকগঞ্জ |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১২৯) | ইব্রাহিমপুর | ১৮২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩০) | শুয়াখাড়া | ১৮৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩১) | হাজি নগর | ১৬৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩২) | মুকুন্দিয়া | ১৫৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৩) | হাতিঘাটা | ১৮৪ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৪) | নয়া নগর | ১৮৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৫) | হারুকান্দি | ১৫০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৬) | গরীবপুর | ১৪৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৭) | নবাবপুর | ১৪৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৮) | মির্জা নগর | ১৪৮ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৩৯) | ব্রাহ্মণকান্দি | ১৫১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪০) | ইন্দপাড়া | ১৩৯ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪১) | গোপীনাথদি | ১৪০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪২) | নাঙ্গলহালা | ১৪২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৩) | দক্ষিণ চাঁদপুর | ১৪৯ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৪) | দানা | ৬৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৫) | হেমরাজপুর | ৬২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৬) | জয়পুর | ৬৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৭) | নটাখোলা | ৭০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৮) | হরিণা | ৭৯ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৪৯) | বড়ইচারা | ৭৮ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫০) | ভগবানচর | ৭২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫১) | নারানদিয়া | ৭১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫২) | বাসুদেবপুর | ৪২ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৩) | দুর্গাপুর | ৮৭ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৪) | আকনকান্দি | ৫৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৫) | শেরপুর | ৫১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৬) | নরসিংহপুর | ১৪৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৭) | বালিয়াকান্দি | ৫৯ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৮) | কাঞ্চনপুর | ৫০ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৫৯) | নীলগ্রাম | ১৭১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬০) | ভবানীপুর | ১১৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬১) | জালিয়া | ১৬৫ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬২) | নিশ্চিন্তপুর | ১৭৬ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬৩) | ডুবাইল | ১৬১ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬৪) | হাজীপুর | ১৬৩ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬৫) | হাতিঘাটা | ১৮৪ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬৭) | রাজখাড়া | ১৮৮ | হরিরামপুর | মানিকগঞ্জ |
| (১৬৮) | রাম নারায়ণপুর | ২২ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৬৯) | চর কালিকাপুর | ৩৪ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭০) | মথুরা | ২৯ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭১) | চর মথুরা | ৩০ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭২) | বানিয়াঙ্গী | ৩২ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৩) | লাউলারা | ৩৩ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৩) | নিরঞ্জণপুর | ২৫ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৪) | ধরপাড়া | ২৬ | দৌলতপুর | মানিকগঞ্জ |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (১৭৫) | বারইচড়া | ২৭ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৬) | চরগোপালপুর | ৩১ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৭) | পারুলিয়া | ৩৭ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৮) | কাশিদয়ারামপুর | ৩৯ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৭৯) | চর চন্ডিপ্রসাদ | ৪৪ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮০) | ব্রক্ষণদী | ৩৫ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮১) | চররাঘুটিয়া | ৩৮ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮২) | চরকাটারী | ১১ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৩) | চরগোবিন্দপুর | ১০ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৪) | বাচামারা | ১২ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৫) | কৈল | ৪৫ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৬) | হাসাদিয়া | ৪৬ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৭) | চরভারেঙ্গা | ০৯ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৮) | শ্রীকান্তদিয়া | ০৩ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৮৯) | ধুলজানা | ২০ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯০) | কল্যাণপুর | ১৬ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯১) | সুবুদ্ধি পাচুরিয়া | ০৭ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯২) | সুবুদ্ধি | ০১ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৩) | নিজ বারেঙ্গা | ১৩ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৪) | ভারেঙ্গা কাটুর | ২১ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৫) | চিত্ত বিশ্রাম | ১৯ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৬) | পশ্চিম পাইক্সা | ১৫ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৭) | পাইক্সা | ১৭ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৮) | রামকৃষ্ণবাড়ী | ২৩ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (১৯৯) | চর গোবিন্দপুর | ১০ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (২০০) | ধরপাড়া | ২৬ | দৌলতপুর | মানিকগঞ্জ |
| (২০১) | ছোট নরজনা | ১৭১ | শিবালয় | মানিকগঞ্জ |
| (২০২) | এলাইন বেলতৈলী | ১৭২ | শিবালয় | মানিকগঞ্জ |
| (২০৩) | গোপীনাথপুর | ১৮৪ | শিবালয় | মানিকগঞ্জ |
| (২০৪) | গোবিন্দবাড়ী | ৭১ | শিবালয় | মানিকগঞ্জ |
| (২০৫) | এলাইল বেলতলী | ১৭২ | শিবালয় | মানিকগঞ্জ |
| (২০৬) | তরা | ১৪৪ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২০৭) | উথুলী | ৬৩ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২০৮) | পূর্ব কুমুলী | ৬০ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২০৯) | জাবরা | ৫৯ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১০) | আশাপুর | ৭১ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১১) | পূর্ব কুশুন্ডা | ৬৫ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১২) | হরিপুর | ৫৮ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১৩) | চরবাইলজুরী | ১২ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১৪) | বাগুন নারচি | ৩ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১৫) | চরমির্জাপুর | ৭০ | ঘিওর | মানিকগঞ্জ |
| (২১৬) | সোনাতলী | ১৬৬ | শাহাজাদপুর | সিরাজগঞ্জ |
| (২১৭) | ঘোড়াজান | ৮৩ | চৌহলী | সিরাজগঞ্জ |
| (২১৮) | ঝিলওয়াংজা | ১৭ | কক্সবাজার | কক্সবাজার |
| (২১৯) | কক্সবাজার | ১৬ | কক্সবাজার | কক্সবাজার |
| (২২০) | মহেশখালী পাহাড় | ১২ | কক্সবাজার | কক্সবাজার |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (২২১) | মনপবন | নব গঠিত | মহেশখালী | কক্সবাজার |
| (২২২) | সাগরিকা দ্বীপ | নব গঠিত | মহেশখালী | কক্সবাজার |
| (২২৩) | ঝিলমিল দ্বীপ | নব গঠিত | মহেশখালী | কক্সবাজার |
| (২২৪) | আলোক দ্বীপ | নব গঠিত | চকোরিয়া | কক্সবাজার |
| (২২৫) | চিলখালী | নব গঠিত | চকোরিয়া | কক্সবাজার |
| (২২৬) | মাছেরখা | নব গঠিত | মহেশখালী | কক্সবাজার |
| (২২৭) | খুলশী | ০২ | খুলশী | চট্টগ্রাম |
| (২২৮) | চর ছিদ্দিক | নব গঠিত | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |
| (২২৯) | চর হোসেন | নব গঠিত | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |
| (২৩০) | চর পলবী | নব গঠিত | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |
| (২৩১) | জাহাজ্জারচর | ৮০ | হাতিয়া | নোয়াখালী |
| (২৩২) | চর মিজানুর রহমান | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৩) | বয়ার চর | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৪) | উড় দেউল | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৫) | ঢাল চর | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৬) | চর রহমান | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৭) | জাগলার চর | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৮) | চর গাজী মিজান | নব গঠিত | হাতিয়া | নোয়াখালী |
| (২৩৯) | চর কালু পুরা | ২৯ | ভোলা সদর | ভোলা |
| (২৪০) | চর গাজীপুরা | ৩১ | ভোলা সদর | ভোলা |
| (২৪১) | দক্ষিণ গাজীপুরা | ৩২ | ভোলা সদর | ভোলা |
| (২৪২) | মুরাদছবুলা | ৩৩ | ভোলা সদর | ভোলা |
| (২৪৩) | জয়পুর | ১৯ | ভোলা সদর | ভোলা |
| (২৪৪) | রায় মোহন | ২২ | ভোলা সদর | ভোলা |
| (২৪৫) | নোয়াখালী | ২৪ | ভোলা সদর | ভোলা |
| (২৪৬) | রাম দেবপুর | ৪৭ | ভোলা সদর | ভোলা |
| (২৪৭) | খড়কী | ৪৮ | ভোলা সদর | ভোলা |
| (২৪৮) | চর পদ্মা | ০৬ | দৌলতখান | ভোলা |
| (২৪৯) | চর মধুপুর | ০২ | দৌলতখান | ভোলা |
| (২৫০) | পূর্ব হাজীপুর | ৪৭ | দৌলতখান | ভোলা |
| (২৫১) | শরীপপুর | ৪৭ | দৌলতখান | ভোলা |
| (২৫২) | দক্ষিণ সৈয়দপুর | ৪৫ | দৌলতখান | ভোলা |
| (২৫৩) | বিজয়পুর | ৩৭ | দৌলতখান | ভোলা |
| (২৫৪) | বকশী মাঝি | ৩৯ | দৌলতখান | ভোলা |
| (২৫৫) | দঃ নলডুবী বৈকণ্ঠপুর | ৪৯ | দৌলতখান | ভোলা |
| (২৫৬) | চর টবগী | ০৫ | দৌলতখান | ভোলা |
| (২৫৭) | পেয়ারপুর | ৫০ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৫৮) | চর সামসুদ্দিন | নবগঠিত | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৫৯) | চর রামকানাই | ১১ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬০) | গংগাপুর | ০৬ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬১) | সাকুচিয়া | ০৮ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬২) | শ্রীমতি প্যারাপুর | ২৮ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬৩) | প্যারাপুর | ২৯ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬৪) | খামার জোত | ৩০ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬৫) | পূর্ব সৈয়দ আউলিয়া | ৩১ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬৬) | নিজ খামার | ৩২ | বোরহানউদ্দিন | ভোলা |

| ক্রমিক | মৌজার নাম | জে এল নং | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|
| (২৬৭) | শাকুশিয়া | ০৭ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬৮) | রাম কানাই | ১১ | বোরহানউদ্দিন | ভোলা |
| (২৬৯) | নিশ্চিতপুর | ২১ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭০) | সোনাপুর | ২২ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭১) | চর জহির উদ্দিন ১ম ভাগ | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৭২) | চর জহির উদ্দিন ২য় ভাগ | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৩) | চর মোজাম্মেল | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৪) | চর লক্ষী | ৫৫ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৫) | বদরপুর | ২৩ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৬) | কেওড়া ডগী | ২৭ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৭) | রবিপুর | ২৪ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৮) | সাতানী | ৪৩ | তজুমদ্দিন | ভোলা |
| (২৭৯) | কাঞ্চনপুর | ২২ | তজুমদ্দিন | ভোলা |
| (২৮০) | চর মোজাম্মেল নব সৃজিত | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৮১) | কাঞ্চনপুর | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৮২) | পাতারচর | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৮৩) | চর শান্তি | নবগঠিত | তজুমদ্দিন | ভোলা |
| (২৮৪) | বদরপুর | ২৩ | তজুমদ্দিন | ভোলা |
| (২৮৫) | পূর্ব বিশারামপুর | ২৫ | তজুমদ্দিন | ভোলা |
| (২৮৬) | কেওগাডলি | ২৭ | তজুমদ্দিন | ভোলা |
| (২৮৭) | বরকতউল্যা | ২৬ | তজুমদ্দিন | ভোলা |
| (২৮৮) | রোজিনা | ০১ | লালমোহন | ভোলা |
| (২৮৯) | বদরপুর | ০৪ | লালমোহন | ভোলা |
| (২৯০) | দেবীর চর | ০৩ | লালমোহন | ভোলা |
| (২৯১) | নাজিরপুর | ০৫ | লালমোহন | ভোলা |
| (২৯২) | কচ্ছপিয়া | ০৬ | লালমোহন | ভোলা |
| (২৯৩) | ফরাজগঞ্জ | ২৩ | লালমোহন | ভোলা |
| (২৯৪) | চর লাউ হার্ডিঞ্জ | ৫০ | লালমোহন | ভোলা |
| (২৯৫) | সৈয়দাবাদ | ৫৬ | লালমোহন | ভোলা |
| (২৯৬) | কুম্ভের হাওলা | ৪৯ | লালমোহন | ভোলা |
| (২৯৭) | পলোয়াখালী | ৪৬ | লালমোহন | ভোলা |
| (২৯৮) | কামারের হাট | ৪৫ | লালমোহন | ভোলা |
| (২৯৯) | পাংগাশিয়া | ২৬ | লালমোহন | ভোলা |
| (৩০০) | চর উদয় কালী | ৪৮ | লালমোহন | ভোলা |
| (৩০১) | চর কলমী | ১১৩ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০২) | জাহানপুর | ৯৮ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০৩) | চর আইচা | ১০১ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০৪) | চর মোতাহার | ১২৫ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০৫) | চর ইস্টিফেন | ১৪০ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০৬) | দক্ষিণ চর আইচা | ১০২ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০৭) | চর নাজিমউদ্দিন আলম | ৮৬ | চর ফ্যাশন | ভোলা |
| (৩০৮) | চর ফকিরা | ৯৬ | চর ফ্যাশন | ভোলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ শিব্বির আহমদ উছমানী**
সহকারী সচিব।